

২। লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীগণ নিম্নে প্রদত্ত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষার জন্য বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকায় উপস্থিত থাকবেন।

| ক্রঃ নং | পদের নাম | লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী | মৌখিক পরীক্ষার তারিখ ও সময় | | পরীক্ষার স্থান |
|---------|-------------------------------|---|-----------------------------|-----------|--|
| | | | তারিখ | সময় | |
| ১. | থানা/উপজেলা মহিলা প্রশিক্ষিকা | লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সকল পরীক্ষার্থী। | ২১/১২/২০১৯খ্রিঃ | সকাল ০৯৩০ | আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। |
| ২. | অফিস সহায়ক | লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সকল পরীক্ষার্থী। | ২২/১২/২০১৯খ্রিঃ | সকাল ০৯৩০ | |

- (১) লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদির ১ (এক) সেট সত্যায়িত অনুলিপি এবং মূল কপি সঙ্গে আনতে হবে (সকল কাগজপত্রাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)।
- (ক) অনলাইন আবেদনপত্রের কপি ও প্রবেশপত্র।
- (খ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল ও সাময়িক সনদপত্র।
- (গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- (ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৬ (ছয়) কপি রঙিন সত্যায়িত ছবি।
- (ঙ) আবেদনের শর্ত অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা/কর্ম অভিজ্ঞতার সনদপত্র।
- (চ) (১) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত তাদের পিতা/মাতার/পিতামহ-পিতামহীর/মাতামহ-মাতামহীর মুক্তিযুদ্ধের মূল/সাময়িক সনদপত্র।
(২) আবেদনকারী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র-কন্যা হলে তিনি যে মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র কন্যার পুত্র-কন্যা-এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র।
- (ছ) এতিম/প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদপত্র।
- (জ) প্রার্থী বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য হলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ সনদপত্র।
- (ঝ) প্রার্থী ক্ষুদ্র-নৃগোষ্ঠী হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
- (ঞ) শুধুমাত্র সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণ নিজ নিজ প্রতিষ্ঠান হতে কর্তৃপক্ষের প্রদত্ত সম্মতিপত্র অথবা এনওসি (NOC) মৌখিক পরীক্ষার সময় দাখিল করবেন।
- (২) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (৩) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোন প্রবেশ পত্র ইস্যু করা হবে না।
- (৪) মৌখিক পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে অবশ্যই বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকায় উপস্থিত থাকতে হবে।
- (৫) নিয়োগের যেকোন পর্যায়ে প্রার্থীর আবেদনে প্রদত্ত কোন তথ্য ভুল প্রমাণিত হলে কিংবা অসম্পূর্ণ তথ্য দাখিল করলে তার আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- (৬) পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের রোল নম্বর বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিজস্ব ওয়েব সাইটে (www.ansarvdp.gov.bd) পাওয়া যাবে এবং এতদসংক্রান্ত যেকোন নির্দেশনা একই ওয়েব সাইটে যথাসময়ে প্রকাশ করা হবে। এছাড়াও ফলাফল বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সকল জেলা কার্যালয়ে পাওয়া যাবে।
- (৭) মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরিবর্তন হলে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিজস্ব ওয়েব সাইটে (www.ansarvdp.gov.bd) মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

স্বাক্ষরিত/-
তারিখঃ ১২/১২/২০১৯খ্রিঃ
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।